যুগান্তর

21 MAR ২০০৩
৭ ... ৮

# শিক্ষকদের ২১ দফা দাবিতে শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

দেশব্যাপী শিক্ষক-কর্মচারীদের হয়রানি ও নির্যাতন বন্ধ, কল্যাণ ট্রাস্টের বাতিলকৃত আর্থিক সুবিধা পুনর্বহালসহ ২১ দফা দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছে। বেলা ১২টার দিকে কেন্দ্রীয় শহীদ মিনারে এক সংক্ষিপ্ত সমাবেশ শেষে তারা মিছিলসহ শিক্ষা মন্ত্রণালয়ের উদ্দেশ্যে অগ্রসর হলে হাইকোর্ট মাজারের সামনে পুলিশ তাদের বাধা দেয়। পরে ফেডারেশনের সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুকের নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল শিক্ষা উপমন্ত্রী অ্যাডভোকেট আবদুস সালাম পিন্টুর কাছে স্মারকলিপিটি পেশ করে।